

সুপার ম্যান



আচ্ছা কোন বাচ্চার নাম যদি সুপারম্যান রাখা হয় তাহলে সমস্যার কী আছে বলুন তো? অথচ এটা নিয়ে কী তুলকালাম কাণ্ড! নিউজিল্যান্ডের এক দম্পতি তাদের নবজাতকের নাম সুপারম্যান রাখতে চাইলে সরকারি রেজিস্ট্রি কোম্পানি প্রথম বাধ সাধে। কিন্তু অতি উৎসাহী এই দম্পতি বাধা মানতে না চাইলে শুরু হয় সমস্যা। চার চার বার রিজেক্টেড হবার পর শেষ পর্যন্ত অবশ্য মা-বাবা ক্ষান্ত দিতে বাধ্য হন। ততদিনে মিডিয়া থেকে শুরু করে সাধারণ জনগণ পর্যন্ত ব্যাপারটা নিয়ে হৈচৈ পড়ে গেছে। নানারকম তর্ক-বিতর্ক হলেও সরকারি কর্তৃপক্ষ শেষ পর্যন্ত তাদের সিদ্ধান্তেই অটল ছিলেন। মজার ব্যাপার হলো এই নামে তাদের সমস্যা কী তারও সুনির্দিষ্ট কোনো কারণ তারা জানেন নি!




সবচেয়ে লম্বা মানুষ

ইউক্রেনের প্রেসিডেন্ট ভিক্টর জুসচেনকো যার সাথে হ্যান্ডশেক করেছেন তার নাম লিওনিড স্টাডনিক। ৩৬ বছর বয়স্ক লিওনিড সম্প্রতি বিখ্যাত হয়ে গেছেন বিশ্বের সবচেয়ে লম্বা ব্যক্তি হিসেবে। ৮ ফুট ৫.৫ ইঞ্চি লম্বা উচ্চতার লিওনিড গিনিস বুক রেকর্ডকৃত সবচেয়ে লম্বা মানুষের রেকর্ড ভেঙে দিয়েছেন। ১৪ বছর বয়সে ব্রেন অপারেশনের পর থেকে লিওনিড হঠাৎ লম্বা হতে শুরু করেন। বিশ্বের সর্ববৃহৎ লম্বা মানুষ হতে পেরে অবশ্য তিনি মোটেই খুশি নন। কারণ শারীরিকভাবে খুব বেশি দৈর্ঘ্য ঠিক সুস্থতার পর্যায়ে পড়ে না।

গোল্ডফিশ

জীবিকার তাগিদে কতকিছুই না করতে হয় মানুষকে! পাশের ছবিটি দেখুন। বিশালাকৃতি একটি মাছের ট্যাঙ্কে বিশালাকৃতির কিছু গোল্ডফিশ ঘুরে বেড়াচ্ছে। দেখেই নিশ্চয়ই বুঝতে পারছেন মাছগুলো আসলে গোল্ডফিশের সাজে সজ্জিত কিছু মানুষ। জাপানের টয়কো থিয়েটারে অনুষ্ঠিত একটি মিউজিক্যাল নাটকে গোল্ডফিশের চরিত্রে রূপদানকারী এই অভিনেতাদের সারাদিন ধরে সাঁতার কাটতে হয়েছে পানিতে। চিন্তা করুন অবস্থা! বিশেষ একটি পোশাক পরে সারাদিন ধরে পানিতে সাঁতারানো নিশ্চয়ই চাটখানি কোনো কথা নয়।



সাত পেয়ে ভেড়া



ছবির ভেড়াটির পা মোট সাতটি। নিউজিল্যান্ডের সাউথ আইল্যান্ডে জন্ম নেয়া এই ভেড়াটির জন্ম হয়েছে পলিডাকটি নামের একটি রোগ নিয়ে। পশু বিজ্ঞানীরা ব্যাপারটিতে বিস্ময় প্রকাশ করেছেন এবং ভেড়াটিকে স্পেশাল কেয়ার বা বিশেষ যত্ন নিতে বলেছেন। কারণ কয়েক লক্ষ ভেড়ার মধ্যে দু একটি ভেড়ার অবস্থা এরকম হতে পারে।